# স্নাতক (সাম্মানিক) পরীক্ষা ২০১৫

## সাম্মানিক বাংলা

### সেমেস্টার : ৬ : কোর্স : ১ (H-13)

সময় : ৩ ঘণ্টা | পূর্ণমান : ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে **একটি** করে প্রশ্নের উত্তর দাও

### একক - ১

১। সাহিত্য ব্যক্তিবিশেষের নহে, তাহা রচয়িতার নহে, তাহা দৈববাণী' — মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো। ১০

২। 'কেবল সাহিত্য কেন, কোনো কলাবিদ্যাই প্রকৃতির যথাযথ অনুকরণ নহে।' সাহিত্য তথা শিল্প কেন 'প্রকৃতির যথাযথ অনুকরণ' নয়, দৃষ্টান্তসহ আলোচনা করো। ১০

৩। 'অনিবার্য প্রয়োজনের মধ্যে মানুষের এতটা অবমাননা আছে; কিন্তু সৌন্দর্য নাকি প্রয়োজনের বাড়া, এইজন্য সে আমাদের অপমান দূর করিয়া দেয়।' 'সৌন্দর্য' ও 'প্রয়োজনের' সম্পর্ক 'সৌন্দর্যবোধ' প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো। ১০

### একক - ২

৪। স্থায়ীভাব কাকে বলে ? স্থায়ীভাব কটি ও কী কী ? কোন্ স্থায়ীভাব থেকে কোন্ রসের উৎপত্তি, তা লেখো। বাংলা কবিতা থেকে যে-কোনো দুটি রসের উদাহরণ দাও ও ব্যাখ্যা করো। ২+৩+২+৩=১০

৫। 'সমাসোক্তি ও সংকরালংকারে যে ব্যঞ্জনা থাকে, সে ব্যঞ্জনা . . . কাব্যের আত্মা ধ্বনি নয় . . . ' — এই অভিমত প্রসঙ্গে তোমার মতামত দাও। ১০

৬। অতুলচন্দ্র গুপ্ত তাঁর 'কাব্যজিজ্ঞাসা' গ্রন্থে প্রাচ্য অলংকার-শাস্ত্রীদের ভাবনার পাশাপাশি পাশ্চাত্য কাব্যচিন্তকদের প্রসঙ্গও পর্যালোচনা করেছেন। পাঠ্য অংশ অবলম্বনে বিষয়টি আলোচনা করো। ১০

### একক - ৩

৭। কবিতায় চিত্রকল্পের ব্যবহারের সঙ্গে প্রতীকবাদের কোনো যোগ আছে কি ? পাশ্চাত্য সাহিত্যে চিত্রকল্পবাদী আন্দোলনের সাধারণ পরিচয় দাও। ৪+৬=১০

৮। কবিতায় ও কথাসাহিত্যে চিত্রকল্পের ব্যবহারের পার্থক্য কী ? দৃষ্টান্তসহ বাংলা কথাসাহিত্যে চিত্রকল্পের ব্যবহার সম্বন্ধে আলোচনা করো। ৩+৭=১০

৯। নীচের যে-কোনো **দুটি** পাশ্চাত্য অলংকার উদাহরণসহ আলোচনা করো : ৫+৫=১০

(ক) Polysyndeton বা অতিযুক্ত (খ) Transferred Epithet বা অন্যাসক্ত (গ) Metonymy বা অনুকল্প

১০। টীকা লেখো (যে-কোনো **দুটি** ) : ২×৫=১০

(ক) 'নীরব কবিত্ব'

(খ) 'চিত্র এবং সংগীত'

(গ) সহৃদয় পাঠক

(ঘ) বস্তুজগৎ ও কাব্যজগৎ

(ঙ) Asyndetan বা অত্যযুক্ত

(চ) জীবনানন্দের কবিতায় চিত্রকল্প

---